Registered
No. C. 853

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র

## জঙ্গিপুর সংবাদের নিয়মাবলী

বিজ্ঞাপনের হার প্রতি সপ্তাহের জন্য প্রতি লাইন ৫০ নয়া পয়সা। ২৲ দুই টাকার কম মূল্যে কোন বিজ্ঞাপন প্রকাশিত হয় না। স্থায়ী বিজ্ঞাপনের দর পত্র লিখিয়া বা স্বয়ং আসিয়া করিতে হয়।

ইংরাজী বিজ্ঞাপনের চাজ্জ বাংলার দ্বিগুণ

সডাক বার্ষিক মূল্য ২৲ টাকা ২৫ নয়া পয়সা

নগদ মূল্য ছয় নয়া পয়সা

শ্রীবিনয়কুমার পণ্ডিত, রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ

## বহরমপুর এক্সরে ক্লিনিক

জল গম্বুজের নিকট

পোঃ বহরমপুর ঃ মুর্শিদাবাদ

জেলার প্রথম বেসরকারী প্রচেষ্টা

★ বিশেষ যত্ন সহকারে রোগিদের এক্সরের সাহায্যে রোগ পরীক্ষা করিয়া ব্যবস্থা করা হয়।

★ যথা সম্ভব কাজ করা আমাদের বিশেষত্ব।

★ কলিকাতার মত এক্সরে করা হয়।

★ দিবারাত্রি খোলা থাকে।

জেলাবাসীর সহানুভূতি ও সহযোগিতা প্রার্থনীয়।

৪৫শ বর্ষ } রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ—৮ই বৈশাখ বুধবার ১৩৬৬ ইংরাজী 22nd April. 1959 { ৪৭শ সংখ্যা

২রা বৈশাখ ১৮৮১ শকাব্দ




ওরিয়েণ্টাল মেটাল ইণ্ডাষ্ট্রীজ লিঃ ৭৭, বহুবাজার ষ্ট্রীট, কলিকাতা ১২

C. P. Seavr )

মনোমত

সুন্দর, সস্তা আর মজবুত

জিনিষ যদি চান তা হ'লে

আরতির

"রাণী রাসমণি"

শাড়ী ও ধুতি কিনুন।

কাপড়কে সব দিক থেকে আপনাদের পছন্দমত করার সকল যত্ন সত্ত্বেও যদি কোন ত্রুটি থাকে, তাহ'লে দয়া ক'রে জানাবেন, বাধিত হ'ব এবং ত্রুটি সংশোধন করবো।

আরতি কটন মিলস্ লিঃ

দাশনগর, হাওড়া।

লিভার ও পেটের পীড়ায়

কুমারেশ

হাতে কাটা

বিশুদ্ধ পৈতা

পণ্ডিত-প্রেসে পাইবেন।

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ।

জঙ্গিপুর সংবাদ

৮ই বৈশাখ বুধবার সন ১৩৬৬ সাল।

# "মড়ার দেশে মরা ভাল বাঁচাই মহাপাপ"

—•—

গত শনিবার রাত্রি ৭টা ১০ মিনিটের সময় অগ্নিযুগের বিপ্লবী বীর স্বনামধন্য বারীন্দ্রকুমার ঘোষ থুর্ম্বশিস রোগে অতি অল্প দিন ভুগিয়া দেহত্যাগ করিয়াছেন। তিনি তাঁহার তৃতীয় জ্যেষ্ঠ সহোদর শ্রীঅরবিন্দ ঘোষের নিকট শৃঙ্খলিতা ভারত মাতার মুক্তি যজ্ঞের অনুষ্ঠান জন্য অগ্নিযুগের অগ্নি মন্ত্রে দীক্ষা গ্রহণ করিয়া অনলসভাবে যৌবনকাল কঠোর ব্রতে অতিবাহিত করিয়া কলিকাতার সুখলাল করনানী হাসপাতালে নশ্বর মানব-দেহ ত্যাগ করিয়াছেন। বারীন্দ্রকুমার এই মুক্তি যজ্ঞ আরম্ভ করেন প্রথমে লেখনী ধারণ করিয়া। শ্রীসুবোধচন্দ্র মল্লিক মহাশয়ের স্থাপিত "বন্দেমাতরম্" কাগজে বারীন্দ্রকুমারের গুরু জ্যেষ্ঠ সহোদর শ্রীঅরবিন্দ অন্যতম ডিরেক্টর হইলেন। স্বামী বিবেকানন্দের কনিষ্ঠ শ্রীভুপেন্দ্রনাথ দত্তের সম্পাদনায় "যুগান্তর" বাহির হইল। এই দুইখানি সংবাদ পত্র ওজস্বিনী ভাষায় যেন শিক্ষিত হৃদয়ে অগ্নিশিখা সৃষ্টি করিতে লাগিল। কাজেই বলা যায় বারীন্দ্রকুমার লেখনী ধারণ করিয়া অগ্নিযজ্ঞ সুরু করেন। তাঁহার ও তাঁহার সমতুল্য সহকর্ম্মী উপেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায় প্রমুখ ঋত্বিকগণ মাতৃ মন্ত্রে দীক্ষিত হইয়া প্রাণপণে অনুষ্ঠানের সকলতা সংকল্প করিয়া মাতৃপূজা সুরু করিলেন। প্রবল পরাক্রান্ত ইংরেজ সরকারের বিরুদ্ধে অস্ত্রধারণ করিল কয়েকটি তরুণ বাঙালী। মুরারিপুকুর বাগানে সহকর্ম্মীগণসহ বারীন্দ্রকুমার গ্রেপ্তার হইলেন। তদবধি মুরারিপুকুর বাগান বোমার বাগান বলিয়া বিখ্যাত হইল। শ্রীঅরবিন্দ ও অন্যতম কর্ম্মী শ্রীঅবিনাশচন্দ্র ভট্টাচার্য্য গ্রেপ্তার হইলেন গ্রে ষ্ট্রীটে। চলিল তুমুল আলিপুর বোমার মামলা। দেশবন্ধু চিত্তরঞ্জন দাশ ব্যারিষ্টারী করিয়া বেকসুর খালাস করিলেন শ্রীঅরবিন্দকে। বারীন্দ্রের প্রতি ফাঁসীর হুকুম হইল। উপেন্দ্রনাথ প্রমুখ অনেককে দ্বীপান্তর বাস করিতে যাইতে হইল আন্দামান পোর্ট ব্লেয়ারে। যে আন্দামানে এখন স্বাধীনতার উদ্বাস্তগণের বিনা অপরাধে দ্বীপান্তরে যাইতে হইয়াছে। বারীন্দ্রকুমারের শেষ অবধি দ্বীপান্তরেই যাইতে হইয়াছিল। বোমারু শাগরেদগণ বারীন্‌দা ও উপেনদাকে এত সম্মান করিত যে বিভুতিভূষণ সরকার আন্দামানে তাঁহাদের ঘানি টানিয়া দিয়া নিজের ঘানি টানিতেন। বারীন্দ্রকুমার ও উপেন্দ্রনাথ প্রথমে কাগজের লেখনী চালনা করিয়া বোমা ও পিস্তল চালাইয়া আন্দামান লীলা সমাপনান্তে ভারতে আসিরা বোমারু বীরগণকে লইয়া মুর্শিদাবাদের নিমতিতা হইতে শ্রীনলিনীকান্ত সরকার নামক একজন অপাপবিদ্ধ সরল প্রাণ (?) পল্লীবাসীর দ্বারা মুদ্রাকরের ঘোষণা দিয়া সরকারের অধীনে চেরী-প্রেস হইতে "বিজলী" নামক সাপ্তাহিক বাহির করিলেন। "বিজলী"তে উনপঞ্চাশী উপেন্দ্রনাথ লিখিতেন। অমৃত বাজারেও কলম ধরিতেন। শেষে দৈনিক বসুমতীর সম্পাদনা করিতে করিতে ইহলোক ত্যাগ করার পর দৃষ্টিশক্তিহীন বারীন্দ্রকুমার উপেন্দ্রনাথের স্থানে সম্পাদক হইয়া দীর্ঘ নয় বৎসর কিছুদিন মুখে মুখে বলিতেন অন্য একজন শ্রুতিলিখন দ্বারা সম্পাদকীয় কার্য্য সমাপন করিতেন। তারপরে অল্পদিন হইল বসুমতীর কাজ ত্যাগ করেন।

স্বাধীনতা লাভের পর রাজনৈতিক নির্য্যাতিত ব্যক্তিগণের সাহায্য ব্যবস্থা চালু হওয়ায় বারীন্দ্র বাবু শ্যামবাজার হইতে ইতিগুাঘাট বাস লাইনে বাস চালাইয়া কিছু উপার্জ্জন করিতেন। বসুমতীর টাকাও পাইতেন। মৃত্যুকালে বারীন্দ্রকুমারের বয়স হইয়াছিল ৭৯ বৎসর। আজকাল কাগজের স্বত্বাধিকারী ও সম্পাদকগণের মধ্যে বেতনের আধিক্যের জন্য যে প্রীতি-সম্পর্ক স্থাপন সংক্রমিত হইতে চলিয়াছে তাহাতে কুরুক্ষেত্রের পর অর্জ্জুন যেমন স্বীয় গাণ্ডীব ধারণে অক্ষম হইয়াছিলেন। বাংলা মায়ের এই দামাল ছেলের বার্দ্ধক্য স্মরণ করিয়া সেই ভয় হইত। ভারতের প্রধান মন্ত্রী জহরলাল নেহরু হিংস বলিয়া মজফরপুরে ক্ষুদিরামের মূর্ত্তির আবরণ উন্মোচন করেন নাই। কিন্তু আমরা পশ্চিম বাংলা কংগ্রেসকে লক্ষ ধন্যবাদ দিতেছি। বারীন্দ্রকুমারের শবদেহ হাসপাতাল হইতে আনিয়া কংগ্রেস ভবনে রাখিয়া মুখ্যমন্ত্রী হইতে আরম্ভ করিয়া সকল মন্ত্রী কলিকাতা কর্পোরেশনের সকল মান্যগণ্য অগ্রণীগণ এই বিপ্লবী বীরকে যথোপযুক্ত সম্মান প্রদর্শন করিয়া কেওড়াতলা শ্মশান ঘাট পর্য্যন্ত গমন করিয়া মর্য্যাদা দেখাইতে কেহ কুণ্ঠিত হন নাই। বসুমতী সাহিত্য মন্দিরে তাঁহার জন্য শোকসভা করিয়া সকলে শ্রদ্ধা নিবেদন করিয়াছেন। বোমার বাগান মুরারিপুকুরে তাঁহার স্মৃতি রক্ষা ও মাণিকতলা মেন রোডের নাম বারীন্দ্রকুমারের নাম অনুসারে পরিবর্ত্তন করিয়া গুণগ্রাহিতায় পরিচয় দিতে সরকার ও কর্পোরেশন কর্ত্তৃপক্ষকে অনুরোধ করা হয়।

এই সর্ব্বজন সম্মানিত বীরপুরুষের লোকান্তরে আমাদের স্বজন বিয়োগজনিত কষ্ট হইলেও যে দেশে সুশাসন নাই, যে দেশে অন্যদেশের শত্রুরা জবর দখল করিয়া লইলে রক্ষা কর্ত্তা নাই, সেই দেশে বেঁচে থাকা চেয়ে মরাই যেন বাঞ্ছনীয় মনে করিয়া বলিয়াছি—"মড়ার দেশে মরা ভাল বাঁচাই মহাপাপ"। আমরা বীরপুরুষ বারীন্দ্রের আত্মার চিরশান্তি কামনা করি। দেশের এক কর্ত্তব্য আছে বারীন্ বাবুর সহধর্ম্মিণীর যাহাতে গ্রাসাচ্ছাদনের অভাব না হয় সে বিষয়ে দৃষ্টি রাখা।

---

## লোক গণনা

সেন্সাস কমিশনারের নির্দ্দেশ অনুযায়ী ১৯৫৯ সালের ৭ই এপ্রিল হইতে ৬ই জুন পর্য্যন্ত জঙ্গিপুর মহকুমার সাগরদীঘি, ফরক্কা, সুতী ও রঘুনাথগঞ্জ থানা এলাকার লোক-গণনা (নমুনা) কার্য্য হইতেছে। ঐ সব এলাকার জনগণকে গণনাকারীদের সহিত সহযোগিতা করার জন্য অনুরোধ করা যাইতেছে। —মহকুমা প্রচার সংস্থা

---

# আমার ঘর আমার সংসার



নিজের মনোমত ঘর-সংসার করতে না পারলে ভালো লাগে না। প্রয়োজন হ'লে যাঁরা অনেক জানেন শোনেন তাঁদের পরামর্শ উপদেশ নেব বৈকি, কিন্তু সেগুলি শুনে, বুঝে, ভাল মনে হ'লে তবেই তা গ্রহণ করব। আমাদের গাঁয়ের বেলাও ঠিক তাই। কি করলে গাঁয়ের মঙ্গল হবে, কোন ডোবাটা পরিষ্কার করতে হবে, কোনটা বুজিয়ে দিতে হবে, কোনখানে টিউবওয়েল বসালে ভালো হবে, কোথায় হাসপাতালের বেশি প্রয়োজন, কোনখান দিয়ে নালা কাটতে হবে, কোন রাস্তাটার এখনই মেরামত প্রয়োজন, কোনখানে গোরু-ছাগল চরবে, কোথায় স্কুল খোলা হবে, এসব আমরা নিজেরা যত ভালো বুঝব তেমনটি অন্যে পারবে কেমন করে? গ্রামের কল্যাণসাধনে প্রত্যেক গ্রামবাসী যাতে অংশ গ্রহণ করতে পারে এই উদ্দেশ্যে পঞ্চায়ত-প্রথা পুনঃপ্রবর্তিত করা হচ্ছে। গ্রামের প্রত্যেকটি প্রাপ্তবয়স্ক নরনারীকে নিয়ে গ্রামসভা। প্রত্যেক গ্রামসভা নিজেদের মধ্যে থেকে সরকার কর্তৃক নির্দিষ্টসংখ্যক সদস্যকে ব্যালট প্রথায় নির্বাচিত করে গ্রাম-পঞ্চায়ত গঠিত করবেন। এর সদস্য সংখ্যা নয় জনের কম বা পনর জনের বেশি হতে পারবে না। গ্রামসভা বছরে অন্ততঃ দুবার বসবে এবং এর কাজ হবে পূর্ববর্তী ও পরবর্তী বছরের আয়-ব্যয় হিসাব পরীক্ষা ও বিবেচনা করা, গ্রামের যে সব কাজ করা হয়েছে বা হয়নি, এবং সেগুলি করা হবে, না হবেনা, তা আলোচনা করে গ্রাম-পঞ্চায়তকে আবশ্যকমত নির্দেশ দেওয়া। এক একটি অঞ্চলের প্রত্যেক গ্রাম-পঞ্চায়ত আবার গ্রামসভার প্রতি ২৫০ জনে একজন এই অনুপাতে নিজেদের মধ্যে থেকে সদস্য নির্বাচিত করে অঞ্চল-পঞ্চায়ত গঠিত করবেন। এই অঞ্চল-পঞ্চায়ত নিজ এলাকার সমস্ত গ্রামগুলির কাজ চালাবার জন্য আইনমতে আদায়যোগ্য কর ট্যাক্স ইত্যাদি আরোপণ, নিরূপণ ও সংগ্রহ করতে পারবেন এবং পঞ্চায়তের কাজে সাহায্য করবেন। প্রত্যেক অঞ্চল-পঞ্চায়ত নিজ এলাকাধীন গ্রামসভার সদস্যদের মধ্যে থেকে পাঁচজনকে নির্বাচিত করে ন্যায়-পঞ্চায়ত গঠন করবেন। এই ন্যায়-পঞ্চায়ত কতকগুলি নির্দিষ্ট ধরণের দেওয়ানী মামলা বিচার করবেন। পশ্চিমবঙ্গ-পঞ্চায়ত-আইন এবং পঞ্চায়ত সংক্রান্ত পুস্তিকা পাঠ করলে এ বিষয় ভালোকরে জানা যাবে। আশা করা যায় যে প্রত্যেকটি প্রাপ্তবয়স্ক নারী ও পুরুষ কর্তব্যাকর্তব্য নির্ধারণ করবেন এবং নিজ বিচারে উপযুক্ত ব্যক্তিদেরই ভোট দিয়ে গ্রাম-পঞ্চায়ত গঠন করবেন।















পশ্চিমবঙ্গ সরকার কর্তৃক প্রচারিত



# বিজ্ঞাপন-বৈচিত্র্য

## জবাকুসুম তৈলের গুণ অতুলনীয়

উল্লিখিত বাক্যের যে কোন অক্ষর কেহ মনে করিলে, তাঁহার মনোনীত অক্ষর নিম্নলিখিত কবিতার সাহায্যে বলিয়া দেওয়া যায়। মনে করুন কেহ ( লে ) মনে করিলেন। তাঁহাকে জিজ্ঞাসা করুন আপনি নিম্নলিখিত পদ্যটী পড়িয়া বলুন কোন্ কোন্ ষ্ট্যাঞ্জায় আপনার অক্ষরটী আছে। তিনি পাঠ করিয়া অবশ্য বলিবেন ( ২ ) ও ( ৫ ) ষ্ট্যাঞ্জায় আছে। কারণ ( লে ) আর কোন ষ্ট্যাঞ্জায় নাই। আপনি ২ ও ৫ যোগ করুন, যোগফল হইল ৭। তাঁহার মনোনীত অক্ষর ঠিক ৭ম স্থানে আছে। এইরূপে সব অক্ষর বলা যায়।

( ১ )

আয়ুর্ব্বেদ-জলধিরে করিয়া মন্থন
সুক্ষণে তুলিল এই মহামূল্য ধন
বৈদ্যকুল-ধুরন্ধর স্বীয় প্রতিভায়;
এর সমতুল্য তেল কি আছে ধরায়?

( ২ )

এই তৈলে হয় সর্ব্ব শিরোরোগ নাশ,
অতুল্য ইহার গুণ হয়েছে প্রকাশ।
দীনের কুটির আর ধনীর আবাসে,
ব্যবহৃত হয় নিত্য রোগে ও বিলাসে।

( ৩ )

চুল উঠা টাকপড়া মাথা ঘোরা রোগে,
নিত্য নিত্য কেন লোক এই দেশে ভোগে!
সুগন্ধে ও গুণে বিমোহিত হয় প্রাণ,
সোহাগিনী প্রসাধনে এই তেল চান।

( ৪ )

কমনীয় কেশ গুচ্ছ এই তেল দিয়া,
কৃষ্ণবর্ণ হয় কত দেখ বিনাইয়া,
তুষিতে প্রেয়সী-চিত্ত যদি ইচ্ছা চিতে,
অনুরোধ করি মোরা এই তৈল দিতে।

( ৫ )

চিত্তরঞ্জন এভিনিউ চৌত্রিশ নম্বর—
বিখ্যাত ঔষধালয় লোক হিতকর
অবনীর সব রোগ হরণ কারণ,
ঔষধের ফলে তুষ্ট হয় রোগিগণ।

রচনা—শ্রীশরৎ পণ্ডিত (দা'ঠাকুর)

### মাখন মণ্ডল

মুর্শিদাবাদ জেলার রাণীনগর থানার চর-রাজানগর গ্রামের শ্রীমাখন মণ্ডল কিছুদিন পূর্ব্বে পাকিস্থানী সৈন্য কর্ত্তৃক অপহৃত হইয়াছেন। অদ্যাবধি তাঁহার কোন খোঁজ খবর পাওয়া যায় নাই।

### প্রবীণ শিল্পীকে সাহায্য

বেলডাঙ্গার প্রবীণ শিল্পী শ্রীহরেকৃষ্ণ সাহা মহাশয়কে পশ্চিম বঙ্গ সরকার মাসিক ৫০৲ পঞ্চাশ টাকা হিসাবে সাহায্য দিবার ব্যবস্থা করিয়াছেন।

## চাঁদপাড়ায় মন্ত্রীর আগমন

গত ২০শে এপ্রিল শিল্প, বাণিজ্য ও আদিবাসী মন্ত্রী শ্রীভূপতি মজুমদার মনিগ্রামে চাঁদপাড়া বয়স্ক শিক্ষাকেন্দ্র পরিদর্শন করেন। একটি নাতিদীর্ঘ বক্তৃতায় তিনি মানবিকতা ও সাম্যবাদ সম্বন্ধে বলিতে গিয়া জাতি ও বর্ণভেদ ভুলে যেতে উপদেশ দেন। তিনি বলেন বর্ত্তমানে সরকার জনগণের মান উন্নয়নের জন্য বহুমুখী পরিকল্পনা গ্রহণ করেছেন এবং তাহা কার্য্যকরী করিতে বহু খরচ করছেন। এই সকল পরিকল্পনার সিদ্ধির জন্য তিনি সমবেতভাবে সহযোগিতা করিতে আহ্বান জানান। স্থানীয় কোনও কুটির শিল্পের পরিকল্পনা তিনি মহকুমা শাসকের মাধ্যমে পেশ করিতে বলেন। এখানে অনতিবিলম্বে একটি পাকা রাস্তার আশ্বাস দেন। জেলা ও মহকুমা শাসক, শ্রীদুর্গাপদ সিংহ, শ্রীকুবের-চাঁদ হালদার মহাশয়ও স্থানীয় বিভিন্ন উন্নয়নমূলক কার্য্য সম্বন্ধে আলোচনা করেন ও বৃহত্তর কল্যাণের স্বার্থে আত্মনিয়োগ করিতে বলেন। মন্ত্রী মহোদয় উক্ত স্কুলের হেডমাষ্টার শ্রীকমলারঞ্জন প্রামাণিক ও অন্যান্যকে তাঁদের অকুণ্ঠ পরিশ্রমের জন্য ধন্যবাদ দেন। তিনি আহূত ব্যক্তিদের আপ্যায়িত করেন।

• — —

## অল ইণ্ডিয়া টি-বোর্ড

অল ইণ্ডিয়া টি-বোর্ড এসোসিয়েসনের পরিদর্শক শ্রীমজুমদার বিভাগীয় ভ্যানসহ জঙ্গিপুর আসিয়া মিউনিসিপ্যালিটীর খাদ্য-পরিদর্শক মহাশয় সহ সহরের চা-বিক্রেতাগণের দোকানের চা পরীক্ষা করেন। তৈরী চায়ের দোকানদারগণকে চা তৈরীর প্রক্রিয়া ও পাত্রের বিশুদ্ধতা সম্বন্ধে নির্দ্দেশ দেন। সন্ধ্যায় তিনি ভারতীয় চা-শিল্প সম্বন্ধে বিভিন্ন তথ্যাদি আলোক-চিত্র দ্বারা জনসাধারণকে বিশেষভাবে বুঝাইয়া দেন।

জঙ্গিপুরের জনৈক ব্যবসাদারের দোকান হইতে ৫০ পঞ্চাশ পাউণ্ড পচা-চা উদ্ধার করিয়া তাহা পুড়াইয়া দেন।

—

## জেলা শাসকের পরিদর্শন

২২শে এপ্রিল জেলা শাসক শ্রী ভি. এস. সি. বোনার্জি, শ্রীমতী বোনার্জি বেনিয়াগ্রাম ইউনিয়নে তালকোলা প্রাইমারী স্কুল আনুষ্ঠানিকভাবে উদ্বোধন করেন। ছাত্রদের মেধা পরীক্ষার জন্য কয়েকটী প্রশ্নের সদুত্তরে তিনি সন্তুষ্ট হন। পরে তিনি চান্দোরে আদিবাসী ও অন্যান্য গ্রামবাসীদের সহিত মিলিত হন। ঐ স্থানের কার্য্যকরী বিরাট সরকারী পরিকল্পনা সম্বন্ধে তাহাদের জানান এবং কার্য্যের জন্য (employment) স্থানীয় Forest Officer এর সহিত যোগাযোগ করিতে বলেন। আদিবাসী অফিসার এ বৎসরের বিভাগীয় স্থানীয় পরিকল্পনা সম্বন্ধে তাহাদের ওয়াকিবহাল করেন। জেলা Forest Officer, মহকুমা শাসক, সার্কেল অফিসারও অন্যান্য পদস্থ কর্ম্মচারীগণ উপস্থিত ছিলেন। পরিশেষে জেলা শাসক শ্রশীতল টুডু ও শ্রসোরাব ইসমাইলকে তাহাদের আদরের জন্য ধন্যবাদ দেন।

—মহকুমা প্রচার সংস্থা

—

## রিক্সায় বালিকা আহত

রঘুনাথগঞ্জ আইলের উপরের মহম্মদ সিদ্দিক হোসেনের ৫ বৎসর বয়স্কা কন্যাকে কোন রিক্সা চালক চাপা দিয়া গা ঢাকা দিয়াছে। বালিকার পায়ের হাড় ভাঙ্গিয়া গিয়াছে। এখানে রিক্সায় নম্বর না থাকায় কোন রিক্সায় দুর্ঘটনা ঘটাইলে সনাক্ত করা কঠিন। আমরা জঙ্গিপুর মিউনিসি-প্যালিটীর চেয়ারম্যান মহোদয়কে প্রত্যেক রিক্সায় পিছন দিকে মোটা অক্ষরে নম্বর দিবার ব্যবস্থা জন্য করার অনুরোধ করিতেছি।

—

লিভার ও পেটের পীড়ায়
কুমারেশ

## নিলামের ইস্তাহার

### চৌকি জঙ্গিপুর ১ম মুন্সেফী আদালত

### নিলামের দিন ১১ই মে ১৯৫৯

১৯৫৮ সালের ডিক্রীজারী

২৪৪ খাং ডিঃ ট্রাষ্টী রায় সুরেন্দ্রনারায়ণ সিংহ বাহাদুর দিং দেং গোবিন্দ মণ্ডল দিং দাবি ২৬ টাকা ২৮ নঃ পঃ থানা রঘুনাথগঞ্জ মৌজে বাসুদেবপুর ৩-৯৯ শতকের কাত ১৫৲ আঃ ১০৲ খং ১৮৭

২৪৭ খাং ডিঃ ঐ দেং ঐ দাবি ৩৭ টাকা ৫০ নঃ পঃ মৌজাদি ঐ ৮ শতকের কাত ১৸০ আঃ ৫৲ খং ১৮৫ স্থিতিবান স্বত্ব

২৪৬ খাং ডিঃ সেবাইত শ্যামাচরণ নাথ দিং দেং গোবিন্দ মণ্ডল দিং দাবি ৩৬ টাকা ৭৭ নঃ পঃ থানা রঘুনাথগঞ্জ মৌজে বাসুদেবপুর ১-৭৩ শতকের কাত ৭৲ আঃ ৫৲ রায়ত স্থিতিবান স্বত্ব

২৫৯ খাং ডিঃ অমানো বর্ম্মণ্যা দেং ভুজঙ্গভূষণ দাস দিং দাবি ১৫৪ টাকা ৫২ নঃ পঃ থানা রঘুনাথ-গঞ্জ মৌজে তেঘরী ২-৫৯ শতকের কাত ৯৸/৩ মধ্যে ॥০ আনা অংশ ১-২৯॥০ আঃ ২৫৲ খঃ ৮৪৪ স্থিতি-বান স্বত্ব ২নং লাট মৌজাদি ঐ ১-৫ শতকের কাত ৩॥২ খঃ ৮৪৬

১৭৯ খাং ডিঃ অনিলকুমার সেন দিং দেং আয়েস আলী সেখ দিং দাবি ১৪৸৵০ থানা সুতি মৌজে আলোয়ানী ১-৮২ শতকের কাত ২৸/০ আঃ ১০৲ খং ২১৯

১৮০ খাং ডিঃ ঐ দেং ফেলু দাস নাবালক পক্ষে অলি মাতা ও স্বয়ং নাকফুড়ি দাসী দাবি ২৭॥৵১০ মৌজাদি ঐ ৯২ শতকের কাত ৬৸৵৭ আঃ ১০৲ খং ৫৪২

১৯৫৯ সালের ডিক্রীজারী

৩ অন্য ডিঃ কিশনচন্দ্র দাস দিং দেং অনুকুলচন্দ্র দাস দাবি ৩৪ টাকা ৪৬ নঃ পঃ থানা সুতি মৌজে মহেশাইল ১-৯৮ শতকের কাত ৪৵৬ তন্মধ্যে দেন্দারের ৬৪ শতক পূর্ব্ব হ্যা হারাহারি জমা ১।৶০ আঃ ২০৲ খং ২৮৮

৬ মনি ডিঃ ঐ দেং ঐ দাবি ৩৩ টাকা ৮১ নঃ পঃ মৌজাদি ঐ ৬৪ শতকের কাত ১।৶০ আঃ ২০৲ খং ২৮৮





**বিশ্বস্ততার প্রতীক**

গত আশী বছর ধরে জবাকুসুম কেশ তৈল প্রস্তুতকারক হিসাবে সি, কে, সেনের নাম সবাই জানেন তাই খাঁটী আমলা তেল কিনতে হলে সি, কে, সেনের আমলা তেল কিনতে ভুলবেন না। সি, কে, সেনের আমলা তেল কেশবর্দ্ধক ও স্নায়ু স্নিগ্ধকর।

সি, কে, সেনের

# আমলা কেশ তৈল



সি, কে, সেন এণ্ড কোং প্রাইভেট লিঃ
জবাকুসুম হাউস, কলিকাতা-১২



## দি আর্ট ইউনিয়ন প্রিন্টিং ওয়ার্কস

৫৫।৭, গ্রে ষ্ট্রীট, পোঃ বিডন ষ্ট্রীট, কলিকাতা—৬

টেলিগ্রাম : "আর্ট ইউনিয়ম" টেলিফোন : বড়বাজার ৪১৯

প্রাথমিক, মধ্য ও উচ্চ বিদ্যালয়ের

যাবতীয় ফরম, রেজিষ্টার, গ্লোব, ম্যাপ, ব্লাকবোর্ড এবং বিজ্ঞান সংক্রান্ত যন্ত্রপাতি ইত্যাদি

ও

ইউনিয়ন বোর্ড, বেঞ্চ, কোর্ট, দাতব্য চিকিৎসালয়, কো-অপারেটিভ রুরাল সোসাইটী, ব্যাঙ্কের

যাবতীয় ফরম ও রেজিষ্টার ইত্যাদি

সর্ব্বদা সুলভ মূল্যে পাওয়া যায়

* * *

**রবার ষ্ট্যাম্প** অর্ডারমত যথাসময়ে প্রস্তুত ও ডেলিভারী হয়



আমেরিকায় আবিষ্কৃত

## ইলেকট্রিক সলিউসন

— দ্বারা —

## মরা মানুষ বাঁচাইবার উপায়ঃ—



আবিষ্কৃত হয় নাই সত্য কিন্তু যাঁহারা জটিল রোগে ভুগিয়া জ্যান্তে মরা হইয়া রহিয়াছেন, স্নায়বিক দৌর্ব্বল্য, যৌবনশক্তিহীনতা, স্বপ্নবিকার, প্রদর, অজীর্ণ, অম্ল, বহুমূত্র ও অন্যান্য প্রস্রাবদোষ, বাত, হিষ্টিরিয়া, সূতিকা, ধাতুপুষ্টি প্রভৃতিতে অব্যর্থ পরীক্ষা করুন! আমেরিকার সুবিখ্যাত ডাক্তার পেটাল সাহেবের আবিষ্কৃত তড়িৎশক্তিবলে প্রস্তুত ইলেকট্রিক সলিউসন' ঔষধের আশ্চর্য্য ফল দেখিয়া মন্ত্রমুগ্ধ হইবেন। প্রতি বৎসর অসংখ্য মুমূর্ষু রোগী নবজীবন লাভ করিতেছে। প্রতি শিশি ১৷৹ টাকা ও মাশুলাদি ১৶৹ এক টাকা তিন আনা।

সোল এজেণ্ট :—**ডাঃ ডি, ডি, হাজরা**

ফতেপুর, পোঃ—গার্ডেনরিচ, কলিকাতা—২৪



## অরবিন্দ এণ্ড সন্স

মহাবীরতলা পোঃ জঙ্গিপুর ( মুর্শিদাবাদ )

ঘড়ি, টর্চ, ফাউণ্টেন পেন, চশমা, সেলাই মেসিনের পার্টস্, সাইকেলের পার্টস্ এখানে নূতন কিনিতে পাইবেন।

এখানে সকল প্রকার সেলাই মেসিন, সাইকেল, ফটো-ক্যামেরা, ঘড়ি, টর্চ, টাইপ রাইটার, গ্রামোফোন ও যাবতীয় মেসিনারী সুলভে সুন্দররূপে মেরামত করা হয়। পরীক্ষা প্রার্থনীয়



রঘুনাথগঞ্জ পণ্ডিত-প্রেসে—শ্রীবিনয়কুমার পণ্ডিত কর্ত্তৃক সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত।